অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে সুপারিন্ডেন্টেন্ট আড্রিয়ান এ হ্যারিস চার বছর দায়িত্ব পালনের পর ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ছেড়ে যাচ্ছেন

গভর্নর হোকল ক্যাইটলিন অ্যাস্রোকে ভারপ্রাপ্ত সুপারিন্ডেন্টেন্ট হিসেবে নিয়োগ দিলেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে চার বছর দায়িত্ব পালনের পর সুপারিন্ডেন্টেন্ট Harris (হ্যারিস) ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) ছেড়ে যাচ্ছেন। গভর্নর Kaitlin Asrow-কে (ক্যাইটলিন অ্যাস্রো) ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের ভারপ্রাপ্ত সুপারিন্ডেন্টেন্ট হিসেবে নিয়োগ দিয়েছেন যা 18 অক্টোবর, 2025 থেকে কার্যকর হবে।

"আমি DFS-এ তার চার বছরের দায়িত্বের জন্য সুপারিন্ডেন্টেন্ট Harris-কে (হ্যারিস) ধন্যবাদ জানাতে চাই, তিনি আমাদের আর্থিক ব্যবস্থাকে নিউ ইয়র্কবাসীদের জন্য লাভজনক করতে এবং একই সাথে ডিপার্টমেন্টকে বিশ্বের রাজধানীর জন্য মানানসই রেগুলেটর হিসেবে নতুন করে গঠন করতে দিনের পর দিন কাজ করেছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ফেডারেল রিজার্ভ (Federal Reserve), ফাইন্যান্সিয়াল হেলথ নেটওয়ার্ক (Financial Health Network), এবং DFS-এর মধ্যে তার কাজের কারণে Kaitlin (ক্যাইটলিন) ভবিষ্যতে ডিপার্টমেন্টকে নেতৃত্ব দেওয়ার জন্য মানানসই, তিনি নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আর্থিক সেবার অ্যাক্সেস বাড়াবেন এবং একই সাথে নিশ্চিত করবেন যাতে আমাদের স্টেট দায়িত্বশীল আবিষ্কারের কেন্দ্রেই থাকতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের (New York State) ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিন্ডেন্টেন্ট Adrienne Harris (আড্রিয়ান এ হ্যারিস) বলেন, "নিউ ইয়র্কবাসীদের সেবা দিতে পারা, ভোক্তাদের জন্য ভালো ফলাফল দিতে পারা; DFS-কে সারা বিশ্বের রেগুলেটরি নেতা হিসেবে প্রতিষ্ঠিত করা; এবং ডিপার্টমেন্টের অপারেশন বদলে দিতে পারা আমার জন্য একটি বিশেষ অধিকার এবং সম্মানের ব্যাপার ছিলো। আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি এবং DFS দলের প্রতি, তারা আরো সমতার, স্বচ্ছ, এবং স্থিতিশীল আর্থিক ব্যবস্থা গঠন করতে প্রতিদিন যে দারুন কাজ করেন তার জন্য আমার গভীর কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের গবেষণা ও আবিষ্কারের এক্সিকিউটিভ ডেপুটি সুপারিন্ডেন্টেন্ট Kaitlin Asrow (ক্যাইটলিন অ্যাস্রো) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে নিউ ইয়র্কবাসীদের সেবা দেওয়ার কাজ

চালিয়ে যাওয়ার সুযোগ পেয়ে আমি সম্মানিত হয়েছি। নিউ ইয়র্ক যাতে সারা বিশ্বের আর্থিক রাজধানী, ভোক্তা সুরক্ষার নেতা, এবং দায়িত্বশীল আর্থিক আবিষ্কারের কেন্দ্র হয়ে থাকে তা নিশ্চিত করার ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

Kaitlin Asrow (ক্যাইটলিন অ্যাস্রো) গত চার বছর ধরে গবেষণা ও আবিষ্কারের এক্সিকিউটিভ ডেপুটি সুপারিন্ডেন্টেন্ট হিসেবে DFS-এ কাজ করেছেন। এই পদে থাকা অবস্থায় তিনি ভার্চুয়াল কারেন্সি কোম্পানিগুলির নিয়ন্ত্রণের তত্ত্বাবধান করেছেন, তিনি বিশ্বের সবথেকে বড় এবং সবথেকে আধুনিক ভার্চুয়াল কারেন্সি নিয়ন্ত্রণ দলগুলির একটি গঠন করেছেন। এছাড়াও তিনি আবিষ্কার এবং আর্থিক অন্তর্ভুক্তির ব্যাপারে ডিপার্টমেন্টের পলিসি কাজের দায়িত্বে ছিলেন। মিস Asrow (অ্যাস্রো) ডিপার্টমেন্টের অপারেশন বদলে দেওয়ার ব্যাপারে নেতৃত্ব দিতে সাহায্য করেছেন এবং টেকনোলজির ইনফ্রাস্ট্রাকচার এবং মুখ্য পদ্ধতিতে বিনিয়োগ চালিয়ে যাওয়ার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

মিস Asrow (অ্যাস্রো) ফেডারেল রিজার্ভ সিস্টেম থেকে ডিপার্টমেন্টে এসেছেন, যেখানে তিনি Bank of San Francisco এবং বোর্ড অফ গভর্নর্স (Board of Governors) উভয়ের জন্য একজন সিনিয়র পলিসি অ্যাডভাইজর হিসেবে কাজ করছেন। ফেডারেল রিজার্ভে তার দায়িত্ব পালনের সময় তিনি 12টি ডিসট্রিক্ট ব্যাংকের মধ্যে, এবং একই সাথে ফেডারেল রিজার্ভ, অফিস অফ দ্য কম্পট্রোলার অফ দ্য কারেন্সি (Office of the Comptroller of the Currency, OCC), এবং ফেডারেল ডিপোজিট ইনস্যুরেন্স কর্পোরেশনের (Federal Deposit Insurance Corporation, FDIC) মধ্যে আবিষ্কার পলিসির একজন কোঅরডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেছেন। ফেডারেল রিজার্ভের আগে মিস Asrow (অ্যাস্রো) সেন্টার ফর ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ইনোভেশনে (Center for Financial Services Innovation) কাজ করেছেন, যা এখন ফাইন্যান্সিয়াল হেলথ নেটওয়ার্ক এবং এটি ভোক্তার আর্থিক স্বাস্থ্যের ক্ষেত্রে শীর্ষ কর্তৃপক্ষ। মিস Asrow (অ্যাস্রো) Stanford University থেকে একটি ব্যাচেলর অফ আর্টস ডিগ্রি নিয়ে গ্র্যাজুয়েট করেছেন এবং এরপর তিনি University of Chicago থেকে তার মাস্টার অফ পাবলিক পলিসি ডিগ্রি পেয়েছেন।

2021 সালের আগস্ট মাসে গভর্নর Hochul (হোকল) সুপারিন্ডেন্টেন্ট Harris-কে (হ্যারিস) মনোনীত করেন। সবথেকে বেশি সময় দায়িত্ব পালন করা সুপারিন্ডেন্টেন্ট হিসেবে, Harris (হ্যারিস) নিউ ইয়র্কবাসীদের, নিয়ন্ত্রিত এনটিটিগুলিকে, এবং বিশ্বের আর্থিক ব্যবস্থাকে আরো ভালো সুরক্ষা দিতে ডিপার্টমেন্টকে নতুন করে গঠন করেছেন। 2021 সালের আগস্ট থেকে DFS নিউ ইয়র্কবাসীদের জন্য 725 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষতিপূরণ সংগ্রহ করেছে এবং স্টেটের আর্থিক ব্যবস্থাকে আরো ন্যায্য এবং আরো সমতার করতে উল্লেখযোগ্য কাজ করেছে। জাতীয়ভাবে, তিনি নিউ ইয়র্ক স্টেটের প্রথম প্রতিনিধি হিসেবে ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ওভারসাইট কাউন্সিলে (Financial Stability Oversight Council) দায়িত্ব পালন করেছেন।

Hochul (হোকল) অ্যাডমিনিস্ট্রেশনের সময়, DFS আরো ন্যায্য একটি আর্থিক ব্যবস্থা তৈরি করতে অনেক পদক্ষেপ নিয়েছে, যেমন:

- ব্যাংকিং ডেভেলপমেন্ট ডিসট্রিক্ট বড় করা;

- ভোক্তার চাহিদা যোগ করার জন্য চেক ক্যাশিং ফি হিসাব করার পদ্ধতি বদলে দেওয়া, যা নিউ ইয়র্কবাসীর জন্য 22 মিলিয়ন মার্কিন ডলারের বেশি চেক ক্যাশ করার ফি সাশ্রয় করেছে।
- খরচ ভাগ না করে ইনসুলিনের কভারেজ দেওয়া ইনস্যুরেন্স প্রদানকারীদের জন্য বাধ্যতামূলক করা।
- ইনস্যুরেন্সের দায়গ্রহণ এবং মূল্যের ক্ষেত্রে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ব্যবহার করার ব্যাপারে স্পষ্ট নির্দেশনা স্থাপন করা।
- ডিজিটাল সম্পদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানের ক্ষেত্রে সারা বিশ্বে শীর্ষ অবস্থানে থাকার জন্য ভার্চুয়াল কারেন্সি ইউনিটকে গঠন করা।
- ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের শাসন করার জন্য মার্কেটে আচরণের নিয়ম গ্রহণ করা এবং সেই এনটিটিগুলির পরীক্ষা শুরু করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন